

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
চিকিৎসা শিক্ষা-২ শাখা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

তারিখঃ ১২.১২.২০১০ খ্রিষ্টাব্দ


নং-স্বাপকম/চিশিজ-২/এসিইউইউ-১০/২০০৬/৫০

বিষয়ঃ বেসরকারী প্রফেসর সোহরাব উদ্দিন ইনস্টিটিউট অব মেডিকেল এ্যাসিসটেন্ট, কুমুদিনী কলেজ রোড, সাবালিয়া, টাংগাইল এর ম্যাট্রিস চালুর অনুমোদন।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, গত ১১.১১.২০১০ইং তারিখে সরকারী/বেসরকারী মেডিকেল/ডেন্টাল কলেজ/আইএইচটি/ম্যাট্রিস প্রতিষ্ঠা, আসন সংখ্যা বৃদ্ধি, নবায়ন, কোর্স অনুমোদন ইত্যাদি সংক্রান্ত কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক বেসরকারী প্রফেসর সোহরাব উদ্দিন ইনস্টিটিউট অব মেডিকেল এ্যাসিসটেন্ট, কুমুদিনী কলেজ রোড, সাবালিয়া, টাংগাইল-এর আসন সংখ্যা ৫০টি সহ নিম্নবর্ণিত শর্তে নির্দেশক্রমে অনুমোদন প্রদান করা হলো।

শর্তাবলীঃ

- ১। অনুমোদন ফি হিসাবে সরকারী কোষাগারে ট্রেজারী চালানোর মাধ্যমে ১-২৭০১-০০০১-২৬৮১ কোডে ৫০, ০০০ (পঞ্চাশ হাজার) টাকা এককালীন জমা দিতে হবে। অনুমোদন ফি জমা দেয়ার পর স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ছাড়পত্র গ্রহণ করতঃ শিক্ষা কার্যক্রম চালু করতে হবে।
- ২। অনুমতি প্রাপ্তির ১ (এক) বছরের মধ্যে প্রতিষ্ঠান স্থাপন করতে ব্যর্থ হলে অনুমতি বাতিল বলে গণ্য হবে।
- ৩। মন্ত্রণালয়ের অনুমতিসহ প্রতিষ্ঠানটি স্থাপন ও শিক্ষা কার্যক্রম আরম্ভ করার পর বাংলাদেশ রাষ্ট্রীয় চিকিৎসা অনুমদের অধিজুক্তি গ্রহণ করতে হবে এবং অনুমোদিত ম্যাট্রিস প্রতিষ্ঠান শিক্ষা কার্যক্রম শুরু কর ০১ (এক) বছরের মধ্যে বিএমজিসি-তে রেজিস্ট্রেশন জুক্ত হতে হবে।
- ৪। প্রতি ০২ (দুই) বছর অন্তর সরকারী অনুমোদন নবায়নের জন্য নবায়নের মেয়াদ শেষ হওয়ার ৬ মাস পূর্বে কোর্স প্রতি ১০,০০০ (দশ হাজার) টাকা ট্রেজারী চালানোর মাধ্যমে সরকারী কোষাগারে জমা দিয়ে চালানোর কপি সহ আবেদন করতে হবে এবং নবায়ন পূর্বক ছাত্র/ছাত্রী ভর্তি করতে হবে। অনুমোদিত আসন সংখ্যার বেশী ছাত্র/ছাত্রী ভর্তি করা যাবে না।
- ৫। অনুমোদন প্রাপ্তির ০৪ (চার) বছরের মধ্যে নিজস্ব জমিতে নিজস্ব ভবনে প্রতিষ্ঠান স্থানান্তর করতে হবে।
- ৬। 'বেসরকারী পর্যায়ে মেডিকেল এ্যাসিসটেন্ট ট্রেনিং স্কুল স্থাপন ও পরিচালনার নীতিমালা' প্রতিপালন না করলে সরকার যে কোন সময় '০৬ (ছয়) মাসের নোটিশে বেসরকারী প্রতিষ্ঠানের কোর্স বন্ধ করে দিতে এবং প্রচলিত আইন অনুযায়ী উদ্যোক্তাদের বিরুদ্ধে শাস্তি মূলক ব্যবস্থা গ্রহণ করতে পারবে। এই ব্যাপারে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়-এর সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

  
(কাজী শফিকুল আলম)  
সিনিয়র সহকারী সচিব  
ফোন-০১৭১১-৩২৯৭০৩

ই-মেইলঃ [safiq737@hotmail.com](mailto:safiq737@hotmail.com)

অধাদ

বেসরকারী প্রফেসর সোহরাব উদ্দিন ইনস্টিটিউট অব মেডিকেল এ্যাসিসটেন্ট  
কুমুদিনী কলেজ রোড, সাবালিয়া, টাংগাইল।

নং-স্বাপকম/চিশিজ-২/এসিইউইউ-১০/২০০৬/৫০/১৮


তারিখঃ ১২.১২.২০১০ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

- ১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। পরিচালক (চিশিজ), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৩। সচিব, বাংলাদেশ রাষ্ট্রীয় চিকিৎসা অনুমদ, বিজয়নগর, ঢাকা।
- ৪। রেজিস্ট্রার, বাংলাদেশ মেডিকেল ও ডেন্টাল কাউন্সিল, বিজয়নগর, ঢাকা।
- ৫। প্রোগ্রামার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

- ১। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ২। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

  
(কাজী শফিকুল আলম)  
সিনিয়র সহকারী সচিব